

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো।
রহমান চেম্বার (১০ম তলা),
১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭ (ফ্যাক্স)।
e-mail: dir.staff.bwdb@gmail.com



www.bwdb.gov.bd

OFFICE OF THE DIRECTOR
DIRECTORATE OF STAFF DEVELOPMENT.
BWDB, RAHMAN CHAMBER (9TH FLOOR),
12-13 MOTIJHEEL C/A, DHAKA-1000.
PHONE: 9560906, 9550937 (Fax).
e-mail: dir.staff.bwdb@gmail.com

স্মারক নং-৮১০-পাউবো(কউ)/আর-৪২/২০১৬


তারিখঃ ০৩/০৮/২০১৭ খ্রিঃ।

“উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা (পুর)/প্রাক্কলনিক পদে নির্বাচনী লিখিত পরীক্ষা সম্পর্কিত বিজ্ঞপ্তি”

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গত ১৭/১১/২০১৬ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা (পুর)/প্রাক্কলনিক পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের নির্বাচনী লিখিত পরীক্ষা আগামী ১৮ আগস্ট, ২০১৭ তারিখ, রোজ শুক্রবার, সকাল ১০ঃ০০ ঘটিকা হতে ১১ঃ৩০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় -এর নির্ধারিত ভবনসমূহে অনুষ্ঠিত হবে।

০২। উল্লেখ্য, নির্বাচনী লিখিত পরীক্ষার পূর্ণমান ১০০ নম্বর [পুরকৌশল= ৮০ নম্বর এবং সাধারণ জ্ঞান (বিজ্ঞানসহ ইংরেজী ও বাংলা জ্ঞানের ব্যুৎপত্তি যাচাইমূলক)= ২০ নম্বর]।

০৩। যোগ্য প্রার্থীগণকে যথাসময়ে উক্ত লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। যোগ্য প্রার্থী বরাবর ইতোমধ্যেই ডাকযোগে প্রবেশপত্র প্রেরণ করা শুরু হয়েছে এবং তাঁদের নামের তালিকা বাপাউবোর্ডের ওয়েব-সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশ করা হয়েছে। ওয়েব সাইটে প্রকাশিত লিখিত পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের মধ্যে কেহ প্রবেশপত্র না পেয়ে থাকলে আগামী ১৬ ও ১৭ আগস্ট, ২০১৭ খ্রিঃ তারিখে অফিস সময়ের মধ্যে এক কপি সত্যায়িত ছবিসহ অত্র দপ্তরে স্ব-শরীরে উপস্থিত হওয়া সাপেক্ষে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করা যাবে।


(মোঃ মাহবুবুর রহমান) ০৩/০৮/১৭
পরিচালক (অঃদাঃ)

স্মারক নং-৮১০-পাউবো (কউ)/ আর-৪২/২০১৬

তারিখঃ ০৩/০৮/২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
- ২। প্রধান, মনিটরিং, বাপাউবো, ঢাকা। (তাকে উপরোক্ত জরুরী বিজ্ঞপ্তিটি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে বিজ্ঞপ্তির সফট কপি সিডিতে (১টি) প্রেরণ করা হলো)।
- ৩। পরিচালক, প্রচার সেল, বাপাউবো, ঢাকা (তাকে উপরোক্ত জরুরী বিজ্ঞপ্তিটি আবশ্যিকভাবে যে দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় বর্ণিত পদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল উক্ত পত্রিকাগুলো প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে বিজ্ঞপ্তির হার্ড কপি ও সফট কপি সিডিতে (১টি) প্রেরণ করা হলো)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
- ৫। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাপাউবো, ঢাকা।
- ৬। নথির কপি।



(কামরুজ্জামান খান)
নির্বাহী প্রকৌশলী (নিয়োগ ও পরীক্ষা)
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।